



Ethical Trading Initiative
Respect for workers worldwide

ইটিআই বেস কোড ধারা 6-এর সংশোধিত বয়ান

6. কাজের সময় অত্যধিক হবে না

6.1 কাজের সময়কে অবশ্যই জাতীয় আইন, যৌথ চুক্তি ও বেস কোডের 6.2 থেকে 6.6-এর অনুবিধি মেনে হতে হবে, যেখানে শ্রমিকদের জন্য বৃহত্তর স্বার্থসুরক্ষা প্রদান করা হয়েছে। 6.2 থেকে 6.6 উপ-ধারাগুলি আন্তর্জাতিক শ্রম মানের ভিত্তিতে তৈরি।

6.2 ওভারটাইম ছাড়া কাজের সময় চুক্তিতে নির্ধারিত হতে হবে এবং কোনো ভাবেই সপ্তাহে* 48ঘন্টার বেশি হবে না

6.3 সমস্ত ওভারটাইমই হবে স্বেচ্ছাপ্রণোদিত। নিম্নলিখিত সমস্ত বিষয় বিবেচনা করে ওভারটাইম দায়িত্বের সঙ্গে ব্যবহার করতে হবে: স্বতন্ত্র শ্রমিক ও সামগ্রিকভাবে শ্রমশক্তির করা কাজের ব্যাপ্তি, সংঘটনের হার ও কত ঘন্টা কাজ হয়েছে। নিয়মিত কর্মসংস্থানের বদলি হিসেবে এটাকে ব্যবহার করা যাবে না। সবসময়ে একটা প্রিমিয়াম বা উপরি হারে ওভারটাইমের খেসারত বা পারিশ্রমিক দিতে হবে, সুপারিশ অনুযায়ী যা নিয়মিত মজুরির 125%-এর কম নয়।

6.4 যে কোনো সাতদিনের সময় কালে মোট করা কাজের সময় 60ঘন্টার বেশি হবে না, ব্যতিক্রমটা হলো যেখানে নিচের 6.5 ধারায় আচ্ছাদন থাকবে।

6.5 কোনো 7 দিনের মধ্যে মোট কাজের সময় 60ঘন্টার বেশি হতে পারে কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতেই, যদি:

- জাতীয় আইনে এটা অনুমোদিত হয়;
- শ্রমশক্তির একটা উল্লেখযোগ্য অংশের প্রতিনিধিত্বকারী একটা শ্রমিক সংগঠনের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে করা একটি যৌথ চুক্তিতে যদি এটা অনুমোদিত হয়;
- শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষায় যথাযথ সুরক্ষা নেওয়া হলে; এবং
- নিয়োগকর্তা সেই ব্যতিক্রমী পরিস্থিতি তুলে ধরতে পারেন যখন এটা প্রয়োগ হবে যেমন অপ্রত্যাশিত উৎপাদন চাপ, দুর্ঘটনা বা জরুরী পরিস্থিতি।

6.6 প্রতি সাতদিনের সময়কালে শ্রমিকদের অন্তত একদিন বিশ্রাম দেওয়া হবে অথবা যেখানে জাতীয় আইনে অনুমোদিত, প্রতি 14দিনের সময়কালে দুদিন ছুটি।

* আন্তর্জাতিক মানদণ্ডে সাধারণ কাজের সময়কে ধীরে ধীরে কমানোর সুপারিশ করা হয়েছে, যেখানে উপযুক্ত হবে সেখানে ঘন্টা কমার জন্য শ্রমিকদের মজুরি না কমিয়ে সপ্তাহে 40ঘন্টা পর্যন্ত নামিয়ে আনা যায়।